

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ আগস্ট ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত

অবৈধ স্থাপনা উচ্ছেদ ও

১৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর চান্দগাঁও ওয়ার্ডের পাঠানিয়াগোদা এলাকায় সিটি কর্পোরেশনের রাস্তায় দুইটি লোহার গেইট দিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় গেইট দুইটি উচ্ছেদ করে রাস্তাটি সর্বসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। একই অভিযানে জিইসি মোড় ও এশিয়ান হাইওয়ের দামপাড়া পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাথ থেকে প্রায় দশটি দোকানের শেড ও বর্ধিত অংশ অপসারণ করা হয়। ভ্রাম্যমাণ আদালত ইতোপূর্বে নির্দেশনা দেওয়া সত্ত্বেও দোকানের বর্ধিত অংশ অপসারণ না করায় জিইসি মোড়স্থ সেন্ট্রাল প্লাজার সেন্ট্রাল ফার্মেসীকে ১০ হাজার টাকা ও অবৈধভাবে রাস্তায় গাড়ী পার্কিং করা দায়ে এশিয়ান হাইওয়ে দামপাড়াস্থ নাইট রাইডার মোটরকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম অংশ নেন। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩